

নং-৪০.০১.০০০০.১০১.৩১.৬৭৩.১৭০৮২৩/১(৬)

তারিখ: ২২/০৬/১৪২৪ বঙ্গাব্দ
২৭/০৬/২০১৭ খ্রিষ্টাব্দ

আদেশ

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লায় কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ শওকত আকবর- ইতোপূর্বে প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে চকবাজার এলাকার দোকানসমূহের মালিকগণের নিকট থেকে মাসিক চাঁদা আদায় ও উৎকোচ গ্রহণ করেন এবং অত্রদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের সঙ্গে প্রায়শই ঝুঁকতাপূর্ণ আচরণ করেন ও কথাবার্তা বলেন মর্মে অভিযোগ পাওয়া যায়। তার এরূপ আচরণ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ বিবেচনা করে আলোচ্য কর্মচারির বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগে বিভাগীয় মামলা নং- ৭/২০১৬ রুজু করা হয়। অভিযোগের বিষয়ে অভিযোগ গঠন করত: তদন্ত করার জন্য অধিদপ্তরের যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য) জনাব মঞ্জুর কাদের খানকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ২০-০৭-২০১৭ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন থেকে জানা যায় যে, অভিযুক্ত কর্মচারি জনাব মোঃ শওকত আকবর, অফিস সহায়কের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) লঙ্ঘনের অভিযোগ প্রমাণিত হয়নি।

এমতাস্বায়, জনাব মোঃ শওকত আকবর, অফিস সহায়ক-কে তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হল।

০২। এই আদেশ দ্বারা তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

০৩। বর্ণিত কর্মচারীর সাময়িক বরখাস্তকাল তার কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বরখাস্তকালে উত্তোলিত খোরাকীভাতার সাথে সমন্বয় করে তার বকেয়া পাওনাদী (যদি থাকে) প্রাপ্য হবেন।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মো: সামিউজ্জামান ভূইয়া

(অতিরিক্ত সচিব)

মহাপরিদর্শক

ফোন: ৫৫০১৩৬২৬

E-mail: chiefdife@gmail.com

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

০১. যুগ্মমহাপরিদর্শক (সকল)।

০২. উপমহাপরিদর্শক, উমহাপরিদর্শকের কার্যালয়, কুমিল্লা।

০৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

০৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।

০৫. জনাব মোঃ শওকত আকবর, অফিস সহায়ক, কুমিল্লা।

০৬. তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, প্রধান কার্যালয় (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)